# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮০১

৪৬/ কিতাবুল আদব (كتاب الأدب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ হাম্মামখানায় প্রবেশ করা।

بَابُ مَا جَاءَ فِي دُخُولِ الْحَمَّامِ

আরবী

حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ دِينَارٍ الْكُوفِيُّ، حَدَّثَنَا مُصْعَبُ بْنُ الْمِقْدَامِ، عَنِ الْحَسَنِ بْنِ صَالِحٍ، عَنْ لَيْثِ بْنِ أَبِي سُلَيْمٍ، عَنْ طَاوُسٍ، عَنْ جَابِرٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الآخِرِ فَلاَ يَدْخُلِ الْحَمَّامَ بِغَيْرِ إِزَارٍ وَمَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الآخِرِ فَلاَ يُدْخِلْ حَلِيلَتَهُ الْحَمَّامَ وَمَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الآخِرِ فَلاَ يَجْلِسْ عَلَى مَائِدَةٍ يُدَارُ عَلَيْهَا بِالْخَمْرِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ طَاوُسٍ عَنْ جَابِرٍ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . قَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ لَيْثُ بْنُ أَبِي سُلَيْمٍ صَدُوقٌ وَرُبَّمَا يَهِمُ فِي الشَّىْءِ . قَالَ مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ وَقَالَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ لَيْثٌ لاَ يُفْرَحُ بِحَدِيثِهِ كَانَ لَيْثٌ يَرْفَعُ أَشْيَاءَ لاَ يَرْفَعُهَا غَيْرُهُ فَلِذَلِكَ ضَعَّفُوهُ .

বাংলা

২৮০১. কাসিম ইবন দীনার কূফী (রহঃ) .... জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আল্লাহ্ ও পরকালে ঈমান রাখে সে যেন তার স্ত্রীকে হাম্মামখানায় না নিয়ে যায়; যে ব্যক্তি আল্লাহ্ ও পরকালের উপর ঈমান রাখে সে যেন ইযার (কাপড়) পরিহিত ছাড়া হাম্মামখানায় প্রবেশ না করে। আল্লাহ্ ও পরকালের উপর যার ঈমান আছে সে যেন এমন দস্তরখানে না বসে যেখানে শরাব পরিবেশন করা হয়।

হাসান, তা’লীকুর রাগীব ১/৮৮-৮৯, ইরওয়া ১৯৪৯, গায়াতুল মারাম ১৯০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৮০১ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-গারীব। এ সূত্র ছাড়া তাউস ... জাবির রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত হাদীস হিসাবে এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ) বলেনঃ লায়ছ ইবন আবূ সুলায়ম সত্যবাদী তবে কিছু কিছু ক্ষেত্রে সন্দেহে পড়ে যান। মুহাম্মাদ আল-বুখারী (রহঃ) আরো বলেন যে, আহমদ ইবন

হাম্বল (রহঃ) বলেছেনঃ লায়ছ (রহঃ) এর হাদীসে আনন্দিত হওয়া যায় না। তিনি এমন কিছু হাদীস মারফূ’রূপে বর্ণনা করেন যা অন্যেরা মারফূ’ করেন না। এজন্য মুহাদ্দিছগণ তাকে যঈফ বলেছেন।

## English

Narrated Jabir:
that the Prophet (ﷺ) said: "Whoever believes in Allah and the Last Day, then he is not to let his wife enter the Hammam, and whoever believes in Allah and the Last Day, then he is not to enter the Hammam without an Izar. And whoever believes in Allah and the Last Day, then he is not to sit at a spread in which Khamr is circulated."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38153

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন